রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৬, ২০১৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য গবেষণা ইনস্টিটিউট**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২৬ মে ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৪১-আইন/২০১৬।**—Fisheries Research Institute Ordinance, 1984 (Ordinance No. XLV of 1984) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে Fisheries Research Institute এর Board of Governors, সরকারের পূর্বানুমোদনক্রমে, মৎস্য গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধান ২ এর দফা—

(অ) (১৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৫) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১৫) **"বাছাই কমিটি"** অর্থ প্রবিধান ২খ এর অধীন গঠিত কোন বাছাই কমিটি;"; এবং

(আ) (১৯) এর পর নিম্নরূপ নূতন দফা (১৯ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১৯ক) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA);";


**মূল্য ঃ** টাকা ২০.০০

(২) দ্বিতীয় অধ্যায়ে "সরাসরি নিয়োগ" শব্দগুলির পরিবর্তে "নিয়োগ" শব্দটি প্রতিস্থাপিত এবং নিম্নরূপ নূতন প্রবিধান ২ক ও ২খ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২ক। **নিয়োগ পদ্ধতি**।—এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) বদলীর মাধ্যমে।

২খ। **বাছাই কমিটি**।—কোন পদে সরাসরি, পদোন্নতি বা বদলীর মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে ইনস্টিটিউট এক বা একাধিক বাছাই কমিটি গঠন করিবে এবং বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে নিয়োগ বা পদোন্নতি প্রদান করা যাইবে না।";

(৩) প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত 'জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৯ নম্বর' শব্দ, সংখ্যা ও চিহ্নগুলির পরিবর্তে 'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর গ্রেড ৫' শব্দ, সংখ্যা ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) প্রবিধান ১১ এর পর নিম্নরূপ নূতন প্রবিধান ১১ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

১১ক। **বদলীর মাধ্যমে নিয়োগ**।—'মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা' পদ হইতে তফসিলে বর্ণিত প্রয়োজনীয় যোগ্যতা অনুযায়ী যথাক্রমে 'পরিচালক (প্রশাসন ও অর্থ)' ও 'পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)' পদ পূরণ করা যাইবে।

(৫) প্রবিধান ২১ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ২১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"২১। **অবসর-উত্তর ছুটি**।—(১) কোন কর্মচারী ছুটির প্রাপ্যতা সাপেক্ষে, ১ (এক) বৎসরের পূর্ণগড় বেতনে, অবসর গ্রহণের জন্য অবসর-উত্তর ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করিবার পরও সম্প্রসারিত করা যাইবে, কিন্তু ৬০ (ষাট) বৎসর বয়সসীমা অতিক্রম করিবার পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের অন্যূন ১ (এক) মাস পূর্বে অবসর-উত্তর ছুটির জন্য আবেদন করিবেন এবং অবসর গ্রহণের তারিখে অবসর-উত্তর ছুটিতে যাইবেন।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের অন্যূন ১ (এক) মাস পূর্বে অবসর-উত্তর ছুটির জন্য আবেদন না করিলে তাহার প্রাপ্য ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৪) অবসর-উত্তর ছুটি এবং উহার জন্য বিভিন্ন সুবিধার প্রাপ্যতা সরকার কর্তৃক জারীকৃত বিধান অনুসারে নির্ধারিত হইবে।";

(৬) প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (১) এ উল্লিখিত '১৯৯৯' সংখ্যাটির পরিবর্তে '১৯৮৯' সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে; এবং

(৭) তফসিল এর পরিবর্তে নিম্নরূপ নূতন তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**তফসিল-ক**

**[ প্রবিধান ২ (৯) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | - | বদলীর মাধ্যমে | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলীর মাধ্যমে। |
| ২। | পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) | - | বদলীর মাধ্যমে | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলীর মাধ্যমে। |
| ৩। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ৪৫ বৎসর | (ক) ৯০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ১০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** (১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(২) গবেষণা জার্ণালে অন্যূন ১০টি প্রকাশনা।<br>**সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে বা প্রাণিবিজ্ঞান বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(২) গবেষণা ও প্রশাসনিক ক্ষেত্রে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের অভিজ্ঞতা;<br>(৩) গবেষণা জার্ণালে অন্যূন ৮ (আট)টি প্রকাশনা। |
| ৪। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ৪০ বৎসর | (ক) ৮০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতিঃ** (১) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (২) গবেষণা জার্ণালে অন্যূন ৮ (আট)টি প্রকাশনা। **সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞান বা প্রাণিবিজ্ঞান বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী; (২) গবেষণা ও প্রশাসনিক ক্ষেত্রে অন্যূন ১২ বৎসরের চাকুরী; এবং (৩) গবেষণা জার্ণালে অন্যূন ৮ (আট)টি প্রকাশনা। |
| ৫। | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩৫ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** (১) বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং (২) গবেষণা জার্ণালে অন্যূন ৫ (পাঁচ)টি প্রকাশনা। **সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞান বা প্রাণিবিজ্ঞান বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী; (২) গবেষণা জার্ণালে অন্যূন ৫ (পাঁচ)টি প্রকাশনা থাকিতে হইবে; এবং (৩) গবেষণা ও প্রশাসনিক ক্ষেত্রে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রাণিবিজ্ঞান (মৎস্য) বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী। |

**তফসিল-খ**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | উপ-পরিচালক | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** (১) সহকারী পরিচালক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞান বা মৎস্য বিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(২) সংশ্লিষ্ট কোন গবেষণা প্রতিষ্ঠানে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(৩) গবেষণা জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬ (ছয়)টি গবেষণাপত্রের প্রকাশনা; অথবা<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি-এর স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(২) প্রশাসন ও উন্নয়ন সংক্রান্ত কাজে অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২। | উপ-পরিচালক (অর্থ ও হিসাব) | ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান বা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী, অথবা হিসাববিজ্ঞান বা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(২) সরকারি, আধা-সরকারি বা স্বীকৃত কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে হিসাব পরিচালনার ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | সিস্টেম এনালিষ্ট | Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল) | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৫। | সহকারী পরিচালক | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি :** ভান্ডার কর্মকর্তা অথবা প্রচার ও জনসংযোগ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রীসহ অফিস প্রশাসন ও ক্রয় বিধি সম্পর্কিত বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬। | উর্ধ্বতন গ্রন্থাগারিক | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ** গ্রন্থাগারিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগঃ** (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(২) গ্রন্থাগারিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | সহকারী প্রকৌশলী (পুরকৌশল) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে হইতে পুরকৌশলে ডিপ্লোমাসহ উপ-সহকারী প্রকৌশলী (পুরকৌশল) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রী। |
| ৮। | গ্রন্থাগারিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিরঃ** ক্যাটালগার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান) অথবা দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৯। | প্রচার ও জনসংযোগ কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতা বা সমমানের কোন বিষয়ে অন্যূন-<br>(১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০। | পাবলিকেশন অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে-<br>(১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(২) ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১। | ভান্ডার কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগেরর যে কোন বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১২। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** প্রধান সহকারী অথবা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট স্বীকৃত কোন গবেষণা ও প্রশাসনিক প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** হিসাবরক্ষক অথবা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান বা সংশ্লিষ্ট যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষণ কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪। | উপ-সহকারী প্রকৌশলী (পুরকৌশল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএর ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট বিষয়ে চাকুরীর বাস্তব অভিজ্ঞতা। |
| ১৫। | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে তড়িৎ কৌশলে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপি এর ডিপ্লোমাসহ বৈদ্যুতিক লাইন, বৈদ্যুতিক সাব-স্টেশন, ইত্যাদি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যন্ত্রকৌশলে অন্যূন প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএর ডিপ্লোমাসহ ল্যাবরেটরি ও অফিস যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ বিষয়ক কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৭। | মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** (১) কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী;<br>**বা**<br>(২) সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরীসহ অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(২) শর্টহ্যান্ড লিখন ও কম্পিউটার চালনায় সরকার কর্তৃক অনুমোদিত গতি থাকিতে হইবে। |
| ১৮। | নিরাপত্তা কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** কেয়ারটেকার অথবা স্টোরকিপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরীসহ অন্যূন ১৪(চৌদ্দ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগঃ** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতক ডিগ্রীসহ কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় নিরাপত্তা ব্যবস্থাপনার কাজে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা। |
| ১৯। | যন্ত্রকারিগর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রনিক্স-এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০। | ফটোগ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমা। |
| ২১। | ক্যাটালগার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** গ্রন্থাগার সহকারী পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ:** (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা;<br>**এবং**<br>(২) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ২২। | প্রধান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** উচ্চমান সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগ:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রীসহ অফিস প্রশাসন ও নথিপত্র সংরক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অভিজ্ঞতা। |
| ২৩। | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৪। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী। | | |
| ২৫। | ব্যক্তিগত সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**(২) সরাসরি নিয়োগ:** (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রী অথবা সাঁটমুদ্রাক্ষরিক কাম |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ডিগ্রী;<br>(২) প্রতিমিনিটে শর্টহ্যান্ডে গতি বাংলায় ৫০টি ও ইংরেজীতে ৮০টি শব্দ এবং কম্পিউটার কম্পোজে গতি বাংলায় ৩০ ও ইংরেজীতে ৪৫ টি শব্দ। |
| ২৬। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** হিসাব সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২৭। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী।<br>তবে কম্পিউটার ব্যহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী। | | |
| ২৮। | পবেষণা সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি:** ক্ষেত্র সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ সর্বমোট অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ কোন গবেষণাগারে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৯। | গবেষণা সহকারী (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০। | উচ্চমান সহকারী | Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৩১। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** হিসাব সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপি এর স্নাতক ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩২। | স্টোর-কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতক ডিগ্রী; অথবা<br>(২) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমমানের সিজিপি এর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ভাণ্ডার সংরক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৩। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রাফসটম্যানশীপ কোর্সে উত্তীর্ণ; এবং<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৪। | লঞ্চ চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে লঞ্চ বা ট্রলার পরিচালনার কোর্স উত্তীর্ণের সার্টিফিকেট; অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(২) লঞ্চ বা ট্রলার পরিচালনার বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৫। | মটর-চালক (ভারী) | The Gazetted and Non Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৩৬। | কেয়ার টেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতক ডিগ্রী; অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ অফিস তত্ত্বাবধায়ন ও নিরাপত্তা বিধান কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৭। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে তড়িৎকৌশলে অন্যূন ট্রেড কোর্সসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৮। | ল্যাবরেটরী টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ কোন গবেষণাগারে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৯। | হ্যাচারী টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কোন গবেষণাগারে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪০। | ডাটা এন্ট্রি অপারেটর | Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪১। | ক্ষেত্র সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪২। | গ্রন্থাগার সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ৪৩। | হিসাব সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএর স্নাতক ডিগ্রী; অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমমানের সিজিপিএর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ হিসাবরক্ষণ কাজের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী। | | |
| ৪৫। | স্পীডবোট-চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(২) স্পীডবোট চালক হিসাবে ট্রেড সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৬। | মটরচালক (হালকা) | The Gazetted and Non Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৪৭। | কাঠমিস্ত্রী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে কার্পেন্ট্রি ট্রেডে জুনিয়র স্কুল সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৮। | লাইব্রেরী এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৯। | পাম্প অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অটোডিজেল বিষয়ে ট্রেড কোর্সসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৫০। | পাম্প অপারেটর (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৫১। | সুকানী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫২। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৩। | লাইন মিস্ত্রি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং বিষয়ে ট্রেড কোর্সসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৪। | প্লাম্বার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে প্লাম্বিং বিষয়ে ট্রেড কোর্সসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>২) সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৫। | প্লাম্বার (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৫৬। | গ্রীজার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৭। | লস্কর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। |
| ৫৮। | জেটি এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৯। | ল্যাবঃ এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬০। | ল্যাবঃ এটেনডেন্ট (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৬১। | পন্ড এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬২। | পন্ড এটেনডেন্ট (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৬৩। | এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৪। | অফিস সহায়ক | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৫। | অফিস সহায়ক (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৬৬। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(২) প্রতিরক্ষা বাহিনীর প্রাক্তন কর্মচারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৬৭। | নিরাপত্তা প্রহরী (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৬৮। | হ্যাচারী এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৯। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ দেশী ও বিদেশী খাবার রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৭০। | বাবুর্চি (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৭১। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৭২। | পরিচ্ছন্নতা কর্মী (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৭৩। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৪। | মটর চালক (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৭৫। | ডরমিটরি এটেনডেন্ট (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৭৬। | ফিসিং ক্রু (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

বোর্ডের আদেশক্রমে

**ড. ইয়াহিয়া মাহমুদ**
মহাপরিচালক (চ.দা.)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd